

স্মারকঃ ৩৭.০১.৪১০৪.০১০.৬৯.০০১.২৩-৩৬৪৪

তারিখঃ ০২ অক্টোবর ২০২৪
১৭ আশ্বিন ১৪৩১

বিডিইউ এর চূড়ান্ত ভর্তি বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ (বিডিইউ) এ ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে প্রাথমিক ভাবে ভর্তি সম্পন্নকারী প্রার্থীগণকে নিম্নে উল্লেখিত বিবরণ ও সময় অনুযায়ী চূড়ান্তভাবে ভর্তি হওয়ার জন্য বলা হলো। প্রার্থীর নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে চূড়ান্তভাবে ভর্তি হতে ব্যর্থ হলে তার মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

১. অনলাইনে ভর্তি ফরম পূরণ:

প্রার্থীদের অনলাইন চূড়ান্ত ভর্তি ফরম পূরণ আগামী ০৬-১০-২০২৪ থেকে ০৮-১০-২০২৪ তারিখ দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত চলবে। অনলাইন ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার জন্যে প্রার্থীকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ এর ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (<https://admission.bdu.ac.bd>) Login অপশনে গিয়ে GST ভর্তি পরীক্ষার রোল নম্বর ও প্রার্থীর মোবাইলে প্রদানকৃত PIN এর মাধ্যমে লগইন করে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে।

২. ভর্তি ফি:

প্রার্থীকে চূড়ান্তভাবে ভর্তির সময় নির্ধারিত ফি (প্রার্থী প্রতি ১০০০০.০০ (দশ হাজার) টাকা + চার্জ প্রযোজ্য) SSLCOMMERZ এর মাধ্যমে আগামী ০৬-১০-২০২৪ থেকে ০৮-১০-২০২৪ তারিখ বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে জমা দিতে হবে।

(ক) ভর্তি ফি সমূহ (খাত ভিত্তিক):

ক্রমিক নং	খাত	টাকা
১.	প্রাথমিক ভর্তি ফি	৫,০০০/-
২.	অ্যামেনিটিস ফি	৪,০০০/-
৩.	গবেষণাগার ফি	১,০০০/-
৪.	শিক্ষার্থী কল্যাণ ফি	১,০০০/-
৫.	স্মার্ট আইডি কার্ড ফি	২০০/-
৬.	বিশ্ববিদ্যালয় অবকাঠামো উন্নয়ন ফি	১,০০০/-
৭.	পরিবহন উন্নয়ন ফি	১,০০০/-
৮.	লাইব্রেরী জামানত ফি (ফেরতযোগ্য)	৫০০/-
৯.	বিভাগ উন্নয়ন ফি	১,৩০০/-
	মোটঃ	১৫,০০০/-
১০.	প্রাথমিক ভর্তির অগ্রিম ফি বাবদ	(-) ৫,০০০/-
	সর্বমোটঃ	১০,০০০/-

খ) পেমেন্ট পদ্ধতি:

SSLCOMMERZ পেমেন্ট পদ্ধতি:

Payment Process (পরিশোধ পদ্ধতি)	
ধাপ ১	Dashboard
ধাপ ২	Click pay now button
ধাপ ৩	Get payment gateway (SSLCOMMERZ)
ধাপ ৪	Choose any payment method
ধাপ ৫	Click pay

ধাপ ৬	Type your account number
ধাপ ৭	Enter your OTP to confirm
ধাপ ৮	Now enter your PIN to confirm
ধাপ ৯	Done! you will receive a confirmation message from SSLCOMMERZ

দ্রষ্টব্য: বিভিন্ন পেমেন্ট অপশনে আবেদন ফি পরিশোধ করার পদ্ধতি বিভিন্ন রকম হতে পারে। ধারাবাহিকভাবে নির্দেশনা অবলম্বন করার জন্য অনুরোধ করা হলো।

৩. দলিলাদির সত্যতা যাচাই এবং উপস্থিতি নিশ্চিতকরণ:

(ক) চূড়ান্ত ভর্তির জন্য নিম্নে উল্লেখিত তারিখ ও সময় অনুযায়ী একাডেমিক ভবন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ, কালিয়াকৈর এ নিম্নে উল্লেখিত সকল সনদ ও ট্রান্সক্রিপ্ট এর সত্যতা যাচাইয়ের জন্য স্ব-শরীরে উপস্থিত হতে হবে। এইদিন স্বাক্ষরিত ভর্তি ফরমের সাথে নিম্নোক্ত সকল মূল দলিলাদি ও এর ২(দুই) সেট ফটোকপি রেজিস্ট্রার দপ্তরের ভর্তি ও রেজিস্ট্রেশন শাখায় জমা দিতে হবে:

১. এসএসসি/ সমমান পরীক্ষার মূল সনদপত্র।
২. এইচএসসি/সমমান পরীক্ষার মূল সনদপত্র।
৩. এইচএসসি/ সমমান পরীক্ষার মূল প্রশংসাপত্র।
৪. এইচএসসি/ সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড।
৫. জিএসটি গুচ্ছভুক্ত ভর্তি পরীক্ষার পর্যবেক্ষক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র।
৬. পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙিন ছবি।

খ) কোটায় ভর্তির ক্ষেত্রে:


১. কোটায় ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত কোটার মূল সনদপত্র।
২. আবেদনকারীর পিতামাতার জাতীয় পরিচয়পত্র/ জন্মানিবন্ধন।
৩. মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের প্রামাণিক কাগজপত্র (যেমন: ইউনিয়ন পরিষদ/সিটি কর্পোরেশন/উপজেলা পরিষদ/জেলা প্রশাসন প্রদত্ত সার্টিফিকেট)।

দলিলাদি মূল্যায়নের তারিখ ও বার	দলিলাদি মূল্যায়নের সময়
০৬-১০-২০২৪ থেকে ০৮-১০-২০২৪	সকাল ১০:০০-বিকাল ০৪:০০ টা

৪. ভর্তি বাতিল পদ্ধতি:

ভর্তি বাতিল করার সময় বিশ্ববিদ্যালয়ের কোন পাওনা থাকলে তা অবশ্যই পরিশোধ করতে হবে।

প্রার্থীর দলিলাদিতে কোন ভুল/অসত্য তথ্য প্রদান করলে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীর ভর্তি বাতিল হবে ও অসত্য তথ্য প্রদানের বিষয় প্রমাণিত হলে সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। বাংলাদেশের নাগরিক ব্যতীত অন্য কেউ এই প্রক্রিয়ায় আবেদন করে ভর্তি হয়েছে মর্মে পরবর্তীতে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটিসমূহের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।



মুহাম্মদ আতাউর রহমান খান

রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ